



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫
www.dhakacollege.edu.bd



তারিখ: ২০/১১/২০২৩ খ্রি:

বোর্ড বৃত্তি সংক্রান্ত সংশোধিত জরুরি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঢাকা কলেজে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে মাদ্রাসা বোর্ডসহ সকল শিক্ষা বোর্ডের মেধা ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বৃত্তিপ্রাপ্ত ছাত্রদের জমাকৃত বৃত্তির তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ওয়েবসাইটে এন্ট্রি করা হয়েছে। এন্ট্রিকৃত বৃত্তির তালিকা ঢাকা কলেজের ওয়েবসাইটে (www.dhakacollege.edu.bd) আপলোড করা হয়েছে। উক্ত তালিকায় কোনো ভুল থাকলে তা সংশোধনের জন্য অত্র কলেজের অফিস সহকারী জনাব মোঃ সোহরাব হোসেনের সাথে আগামী ২৬/১১/২০২৩ তারিখের মধ্যে সরাসরি কলেজ অফিসে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

পূর্বের শিক্ষাবর্ষের যদি কোনো শিক্ষার্থী বৃত্তির ফরম পূর্বে জমা না দিয়ে থাকে তারাও একই সময়ের মধ্যে বৃত্তির ফরম জমা দিতে পারবে এবং যে সকল শিক্ষার্থী বৃত্তির ফরম জমা দিয়েছে কিন্তু ভুলক্রমে এন্ট্রি হয় নাই তাদেরকেও উক্ত তারিখের মধ্যে পুনরায় জমা দিতে হবে।

Payment Status রিপোর্টে যে সকল ছাত্রের নামের পার্শ্বে Bounced Back আছে তাদের হিসাব সচল আছে কিনা ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো। অন্য কোনো ভুল থাকলে নিম্নোক্ত তারিখের মধ্যে সংশোধন করতে হবে।


Payment Status রিপোর্টে যে সকল ছাত্রের নামের পার্শ্বে Not Paid আছে তাদেরকে আগামী ২৬/১১/২০২৩ তারিখের মধ্যে ভুল তথ্য সংশোধন করার জন্য বৃত্তির গেজেটের কপি, এসএসসি/এইচএসসি মার্কসীটের ফটোকপি, ব্যাংকের চেক বই কাভার পেইজের ফটোকপি/ব্যাংক হিসাব বিবরণীর ফটোকপি নিয়ে কলেজ অফিসে অফিস সহকারী জনাব মোঃ সোহরাব হোসেন এর নিকট যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

* একাদশ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ও অনার্স ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে Payment Status রিপোর্টে শুধু ভুল থাকলে সংশোধন করতে হবে।

বৃত্তির টাকা প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী বাধ্যতামূলক:

- ০১। কোনো শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম বয়সের শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব হতে হবে।
- ০২। শিক্ষার্থীর বৃত্তির গেজেটের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- ০৩। অনলাইন ব্যাংক হিসাব অবশ্যই ১৩ থেকে ১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুল হতে হবে।
- ০৪। শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, পাসের সাল ও প্রাপ্ত জিপিএ সঠিক হতে হবে।
- ০৫। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিক হতে হবে।
- ০৬। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর ও শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক হতে হবে।
- ০৭। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে।
- ০৮। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা-মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।

যথাসময়ে তথ্য সংশোধন না করার জন্য বৃত্তির টাকা উত্তোলনে কোন সমস্যা হলে পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


২০.১১.২৩

(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com